

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৩৩

৮/ সাওম (রোজা) (্রুল্লু الله عن رسول الله الله المحادة المحاد

পরিচ্ছেদঃ নফল সিয়াম পালনকারী যদি তার সিয়াম ভেঙ্গে ফেলে তবে তার উপর তা কাযা করা ওয়াজিব।

باب مَا جَاءَ فِي إِيجَابِ الْقَضَاءِ عَلَيْهِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا كَثِيرُ بْنُ هِشَامٍ، حَدَّثَنَا جَعْفَرُ بْنُ بُرْقَانَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُرُوةَ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كُنْتُ أَنَا وَحَفْصَةُ، صَائِمَتَيْنِ فَعُرِضَ لَنَا طَعَامٌ اشْتَهَيْنَاهُ فَأَكُلْنَا مِنْهُ فَجَاءَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَبَدَرَتْنِي إِلَيْهِ حَفْصَةُ وَكَانَتِ ابْنَةَ أَبِيهَا فَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنَّا كُنَّا صَائِمَتَيْنِ فَعُرِضَ لَنَا طَعَامٌ اسْتَهَيْنَاهُ فَأَكُلْنَا مِنْهُ . قَالَ " فَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنَّا كُنَّا صَائِمَتَيْنِ فَعُرِضَ لَنَا طَعَامٌ اسْتَهَيْنَاهُ فَأَكُلْنَا مِنْهُ . قَالَ " فَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنَّا كُنَّا صَائِمَتَيْنِ فَعُرِضَ لَنَا طَعَامٌ اسْتَهَيْنَاهُ فَأَكُلْنَا مِنْهُ . قَالَ " وَفَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنَّا كُنَّا صَائِمَتَيْنِ فَعُرِضَ لَنَا طَعَامٌ اسْتَهَيْنَاهُ فَأَكُلْنَا مِنْهُ . قَالَ اللهِ اللهِ عِيسَى وَرَوَى صَالِحُ بْنُ أَبِي الْأَخْضَرِ وَمُحَمَّدُ بْنُ أَبِي الْأَخْصَرِ وَمُحَمَّدُ بْنُ أَبِي الْأَخْصَرِ وَمُحَمَّدُ بْنُ أَبِي الْأَخْصَرَ وَمُحَمَّدُ بْنُ أَبِي الْأَخْصَرِ وَمُحَمَّدُ بْنُ أَلِي اللهُ مِنْ الْمُؤْمِرِي عَنْ عُرُوهَ وَعَيْرُ وَاحِدٍ مِنَ الْحُفَّاظِ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةً وَهَذَا أَصَحُ أَلَا اللهُ مُرْسَلاً . وَلَمْ يَذْكُرُوا فِيهِ عَنْ عُرْوَةً وَهَذَا أَصَحُ .

لأَنّهُ رُوِيَ عَنِ ابْنِ جُرَيْجٍ، قَالَ سَأَلْتُ الزُّهْرِيَّ قُلْتُ لَهُ أَحَدَّثَكَ عُرْوَةُ عَنْ عَائِشَةَ قَالَ لَمْ لَا اللّهُ مِنْ عُرْوَةَ فِي هَذَا شَيْئًا وَلَكِنِّي سَمِعْتُ فِي خِلاَفَةِ سُلَيْمَانَ بْنِ عَبْدِ الْمَلِكِ مِنْ نَاسٍ عَنْ مَنْ سَأَلَ عَائِشَةَ عَنْ هَذَا الْحَدِيثِ . حَدَّثَنَا بِذَلِكَ عَلِيٌّ بْنُ عِيسَى بْنِ يَزِيدَ عَنْ الْبَعْدَادِيُّ حَدَّثَنَا رَوْحُ بْنُ عُبَادَةَ عَنِ ابْنِ جُرَيْجٍ فَذَكَرَ الْحَدِيثَ . وَقَدْ ذَهَبَ قَوْمٌ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ إِلَى هَذَا الْحَدِيثِ فَرَأُوا عَلَيْهِ الْقَضَاءَ إِذَا أَفْطَرَ وَهُوَ قَوْلُ مَالِك بْنِ أَنس .

বাংলা

৭৩৩. আহমাদ ইবনু মানী (রহঃ) আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আর হাফসা (রাঃ) উভয়েই একবার সিয়াম পালন করছিলাম। আমাদের সামনে খুবই লোভনীয় খাবার এলো, আমরা তা থেকে খেয়ে নিলাম। তারপরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এলে হাফসা (রাঃ) আমার আগেই তাঁর সামনে উপস্থিত হলেন।



আর তিনি ছিলেন তার বাপের বেটি (পিতা, উমার ইবনু খাত্তাব (রাঃ) এর মত সাহসী) কাজেই বললেন, ইয়া রাসূলাল্লাহ! আমরা দুজন সায়িম ছিলাম। এমন সময় আমাদের সামনে লোভনীয় খাবার এলে; আমরা তা খেয়ে ফেললাম। তিনি বললেন, তোমরা উভয়ে এর স্থলে আরেক দিন সিয়াম পালন করবে। - যইফ আবু দাউদ ৪২৩, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৩৫ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, সালিহ্ ইবনু আবৃল আখদার ও মুহাম্মদ ইবনু আবৃ হাফস (রহঃ) এই হাদীসটিকে যুহরী (রহঃ), উরওয়া, আয়িশা (রাঃ) সূত্রে অনুরূপ বর্ণনা করেছেন। মালিক ইবনু আনাস, মা'মার, উবায়দুল্লাহ ইবনু উমার, যিয়াদ ইবনু সা'দ (রহঃ) প্রমূখ হাফিযুল হাদীস যুহরী (রহঃ) সূত্রে আয়িশা (রাঃ) থেকে মুরসাল হিসেবে এই হাদিসটি রিওয়ায়াত করেছেন। এতে তাঁরা উরওয়ার নাম উল্লেখ করেনিন। আর এটিই অধিকতর সহীহ। কেননা, ইবনু জুরাউজ থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন, আমি যুহরীকে জিজ্ঞাসা করেছিলাম, আপনার নিকট আয়িশা (রাঃ) এর বরাতে উরওয়া কিছু রিওয়ায়াত করেছেন কি? তিনি বললেন, এই বিষয়ে আমি উরওয়া থেকে কিছু গুনিনি। তবে সুলায়মান ইবনু আবদুল মালিকের খিলাফতকালে এ হাদীস সম্পর্কে আয়িশা (রাঃ) এর কাছে জিজ্ঞাসা করেছিলাম, তাদের কারোর কাছ থেকে কিছু লোকের মাধ্যমে আয়িশা (রাঃ) সূত্রে এটি আমি গুনেছি। এই হাদীসটি আমাদের কাছে বর্ণনা করেন, আলী ইবনু ঈসা ইবনু ইয়ায়ীদ বাগদাদী রাওহ ইবনু উবায়দা ইবনু জুরায়জ (রহঃ) শেষ পর্যন্ত। কতক সাহাবী ও অপরাপর একদল আলিম এই হাদীস অনুসারে আমলের মত গ্রহণ করেছেন। নফল সিয়াম ভঙ্গ করলে কাযা করতে হবে বলে তাঁরা মনে করেন। এ হল ইমাম মালিক ইবনু আনাস (রাঃ) এর অভিমত।

English

Aishah narrated:

"Hafsah and I were both fasting when we were presented some food that we really wanted, so we ate from it. The Messenger of Allah came, and Hafsah beat me to him - she was the daughter of her father - and she said: 'O Messenger of Allah! We were both fasting when we were presented with some food that we wanted, so we ate from it.' He said: 'Make up another day in its place.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন